



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রাণিসম্পদ অধিদপ্তর

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়



**“জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ২০২৬” উপলক্ষে
প্রাণিসম্পদ পদক প্রদানের জন্য মনোনয়ন প্রস্তাব
আহ্বান সংক্রান্ত**

বিজ্ঞপ্তি

সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রাণিসম্পদ অধিদপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের উদ্যোগে প্রাণিসম্পদ খাতের গুরুত্ব তুলে ধরা, খাত সংশ্লিষ্ট অংশীজনদের সম্পৃক্ত করা এবং প্রাণিসম্পদ উন্নয়নে জনগণের অংশগ্রহণ বৃদ্ধির লক্ষ্যে ২০২৬ সালে নভেম্বর মাসের তৃতীয় সপ্তাহে “জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ২০২৬” উদযাপনের উদ্যোগ গ্রহণ করেছে। প্রাণিসম্পদ সেक्टरের বিভিন্ন ক্ষেত্রে গৌরবময় ও উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতিস্বরূপ জাতীয় প্রাণিসম্পদ পদক নীতিমালা অনুসরণ পূর্বক ০৯ (নয়) টি ক্ষেত্রে প্রাণিসম্পদ পদক প্রদান করা হবে। ক্ষেত্রসমূহ হলো :

- ক. গবাদি পশুর খামার (গরু, মহিষ, ছাগল, ভেড়া ও অন্যান্য)।
- খ. পোল্ট্রি খামার (হাঁস, মুরগি, কবুতর, টার্কি, কোয়েল ও অন্যান্য)।
- গ. প্রাণি ও প্রাণিজাত পণ্য উৎপাদন (মাংস, দুধ ও ডিম) প্রক্রিয়াজাতকরণ, বাজারজাতকরণ ও রপ্তানি।
- ঘ. প্রাণিসম্পদ উৎপাদন উপকরণ (খাদ্য, টিকা, ঔষধ, এক দিন বয়সি হাঁস-মুরগির বাচ্চা এবং অন্যান্য) তৈরি, প্রক্রিয়াজাতকরণ কারখানা/শিল্প।
- ঙ. প্রাণিসম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা সংক্রান্ত প্রযুক্তি উদ্ভাবন (গবেষক/গবেষণা/ প্রতিষ্ঠান/ শিক্ষা প্রতিষ্ঠান/ সম্প্রসারণ প্রযুক্তি)।
- চ. প্রাণিসম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনায় ব্যক্তি/প্রতিষ্ঠান/এসোসিয়েশন/সমবায় সমিতি/গণমাধ্যম/এনজিও/ প্রাণিসম্পদ সংক্রান্ত সমাজভিত্তিক সংগঠনের অবদান/সমগ্র কর্মজীবনের অবদান।
- ছ. আত্মকর্মসংস্থান ও প্রাণিসম্পদ উন্নয়নে নারীর অবদান।
- জ. পোল্ট্রি ও গবাদিপশুর প্রযুক্তি হস্তান্তর, প্রাণিস্বাস্থ্য সেবা এবং সম্প্রসারণে প্রাণিসম্পদ অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের অবদান ঝ. প্রান্তিক চাষী/নারী ও অনগ্রসর খামারিদের প্রাণিসম্পদ উন্নয়নে অবদান।

আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান নির্ধারিত ফরমে আগামী ৭ জুন, ২০২৬ খ্রি. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বরাবর মনোনয়ন ফরম জমা প্রদান করবেন। উল্লিখিত সময়ের মধ্যে পদক সংক্রান্ত আবেদন ফরম সংগ্রহ ও বিস্তারিত তথ্যের জন্য উপজেলা/জেলা প্রাণিসম্পদ দপ্তরে যোগাযোগের জন্য অনুরোধ জানানো যাচ্ছে। এছাড়াও এ সংক্রান্ত বিস্তারিত তথ্য প্রাণিসম্পদ অধিদপ্তরের ওয়েবসাইট www.dls.gov.bd এ পাওয়া যাবে।